


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিস্ফোরক পরিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

বিজ্ঞপ্তি

সম্প্রতি বিভিন্ন মাধ্যমে অভিযোগ পাওয়া যাওয়া যাচ্ছে যে, বিস্ফোরক পরিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের নাম ব্যবহার করে বিভিন্ন ব্যক্তি কর্তৃক লাইসেন্স/অনুমোদন প্রাপ্তির জন্য মোবাইলে সেবাগ্রহিতাদের কাছ হতে বিকাশ/নগদে অর্থ দাবি করা হচ্ছে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, বিস্ফোরক পরিদপ্তর হতে বিভিন্ন সেবা প্রদানের জন্য কেবলমাত্র চালানের মাধ্যমে সরকার নির্ধারিত ফি আদায় করা হয়। চালানের মাধ্যমে সরকার নির্ধারিত ফি জমা প্রদান ব্যতীত কোন ব্যক্তির সাথে কোন প্রকার আর্থিক লেনদেন না করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

লাইসেন্স/অনুমোদন প্রাপ্তির জন্য কোন পক্ষকে অর্থ প্রদান করা হলে তার জন্য কর্তৃপক্ষ দায়ী নয়।


আদেশক্রমে

প্রধান বিস্ফোরক পরিদর্শক
বিস্ফোরক পরিদপ্তর